অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/13/2026 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্কজুড়ে শিক্ষার্থীদের জন্য শিক্ষার সুযোগ বাড়াতে গভর্নর হোকল 2026 সালের কলেজ অ্যাক্সেস অ্যাওয়ার্ড বিজয়ীদের নাম ঘোষণা করেছেন

নিউ ইয়র্ক স্টেটের প্রথম কলেজ অ্যাক্সেস কনফারেন্স চলাকালে বিজয়ীদের নাম ঘোষণা করা হয়েছে

কলেজ অ্যাক্সেস নিশ্চিত করা, FAFSA সম্পন্ন করা এবং সাফল্যের লক্ষ্যে কলেজে ভর্তির পথ সহজ করতে স্টেট ব্যাপী বিশেষজ্ঞগণ অ্যালবানিতে সমবেত হয়েছেন

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ 2026 সালের নিউ ইয়র্ক স্টেট (New York State) কলেজ অ্যাক্সেস অ্যাওয়ার্ডস বিজয়ীদের নাম ঘোষণা করেছেন, এই অ্যাওয়ার্ড সেই সকল ব্যক্তি ও প্রতিষ্ঠানকে সম্মানিত করে যারা স্টেটজুড়ে আর্থিক সহায়তা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি, উচ্চশিক্ষার সুযোগ ও সাশ্রয়ী অবস্থা নিশ্চিত করা এবং সকল নিউ ইয়র্কের শিক্ষার্থীর জন্য শিক্ষার লক্ষ্য অর্জনে বাধাগুলো দূর করতে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন।

2026 সালের নিউ ইয়র্ক স্টেট কলেজ অ্যাক্সেস কনফারেন্স (New York State College Access Conference, NYSCAC)-এ বিজয়ীদের নাম ঘোষণা করা হয়, এটি একটি যুগান্তকারী অনুষ্ঠান যা নিউ ইয়র্ক জুড়ে উচ্চশিক্ষার সুযোগ প্রসারে প্রতিশ্রুতিবদ্ধ আর্থিক সহায়তা বিষয়ক বিশেষজ্ঞ, গাইডেন্স কাউন্সিলর, অ্যাডভোকেট এবং উচ্চশিক্ষা সংশ্লিষ্ট নেতৃবৃন্দকে একত্রিত করেছে। নিউ ইয়র্কে এই ধরনের প্রথম কনফারেন্সে পরিবর্তনশীল ফেডারেল আর্থিক সহায়তা পরিস্থিতি পরিচালনা, FAFSA এবং TAP সম্পন্ন করার সর্বোত্তম পদ্ধতি এবং শিক্ষার্থীদের সহায়তার কৌশলগুলোর ওপর বিশেষজ্ঞ-পরিচালিত কর্মশালা অন্তর্ভুক্ত ছিল যা সকল শিক্ষার্থীর জন্য কলেজের খরচ বহনযোগ্যতা এবং অ্যাক্সেস উন্নত করার ক্ষেত্রে নিউ ইয়র্কের অঙ্গীকারকে তুলে ধরে। গভর্নর Hochul (হোকল) একটি ভিডিও বার্তার মাধ্যমে কনফারেন্সে অংশগ্রহণকারীদের স্বাগত জানান, যেখানে তিনি নিউ ইয়র্কের শিক্ষার্থী ও পরিবারগুলোকে সহায়তা করার ক্ষেত্রে তাদের গুরুত্বপূর্ণ ভূমিকার কথা তুলে ধরেন।

"2026 সালের নিউ ইয়র্ক স্টেট কলেজ অ্যাক্সেস অ্যাওয়ার্ডস প্রাপকদের অভিনন্দন, যাদের অসাধারণ প্রচেষ্টা বাধাগুলো দূর করছে এবং আমাদের স্টেটজুড়ে শিক্ষার্থীদের জন্য সুযোগ প্রাপ্তির প্রসার ঘটাচ্ছে," **গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) বলেন।** "এই উদ্বোধনী কনফারেন্সটি সেই অগ্রগতি এবং নিষ্ঠারই প্রতিফলন যা কলেজকে সাশ্রয়ী এবং অ্যাক্সেসযোগ্য

করার ক্ষেত্রে নিউ ইয়র্কের লক্ষ্যকে সংজ্ঞায়িত করে; কারণ যখন আমরা শিক্ষায় বিনিয়োগ করি, তখন আমরা আমাদের স্টেটের ভবিষ্যতের জন্য বিনিয়োগ করি।"

এই বছরের অ্যাওয়ার্ডগুলো পাঁচটি আলাদা বিভাগে দেওয়া হচ্ছে, যার প্রতিটি শিক্ষা ক্ষেত্রে সাম্য ও সুযোগ সৃষ্টিতে অসামান্য অবদানকে স্বীকৃতি দেয়। অ্যাওয়ার্ডের বিভাগ এবং বিজয়ীদের মধ্যে রয়েছেন:

- **দ্য ডক্টর গুইলারমো লিনারেস লিডারশিপ অ্যাওয়ার্ড**: Dr. Guillermo Linares (ডক্টর গুইলারমো লিনারেস)-এর আদর্শকে সম্মান জানিয়ে এই অ্যাওয়ার্ডটি দেওয়া হয়, নিউ ইয়র্ক স্টেটে উচ্চশিক্ষার উন্নয়নে যে তার মতোই কাজ করে যাচ্ছেন, এটি তারই সম্মাননা। এটি এমন একজন নেতাকে স্বীকৃতি দেয় যিনি শিক্ষার্থীদের জন্য পড়াশোনার পথ সহজ করেন এবং আর্থিক সাহায্য পেতে সহায়তা করেন, যাতে তারা নিজেদের স্বপ্ন পূরণ করতে পারে।

  প্রাপক:
- Dr. Mery Diaz (ডক্টর মেরি দিয়াজ), প্রফেসর, NYC কলেজ অব টেকনোলজি

- **দ্য পাথওয়ে বিল্ডার অ্যাওয়ার্ড:** যেসব প্রতিষ্ঠান ও ব্যক্তি পিছিয়ে পড়া এবং সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের উচ্চশিক্ষার পথ সুগম করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, তাদের এই সম্মাননা প্রদান করা হয়।

  প্রাপকগণ:
- কলেজ অ্যান্ড ক্যারিয়ার অ্যাডভাইজিং ফেলোস, CUNY
- মনরো ইউনিভার্সিটি
- Ricardo Brens (রিকার্ডো ব্রেনস), ডিরেক্টর অব পোস্ট-সেকেন্ডারি এডুকেশন, হাই স্কুল ফর ল/পাবলিক সার্ভিস
- Shavon Munchez-Jackson (শ্যাভন মাঞ্চেজ-জ্যাকসন), কলেজ কানেকশনস ইনিশিয়েটিভ সিনিয়র অ্যাডভাইজার, SUNY ব্রুকলিন এডুকেশনাল অপরচুনিটি সেন্টার
- ইয়োঙ্কার্স পার্টনারস ইন এডুকেশন

- **কলেজ অ্যাপ্লিকেশন মান্থ অ্যাওয়ার্ড অব এক্সিলেন্স:** সেইসব স্কুলকে এই স্বীকৃতি দেওয়া হয় যারা কলেজ এবং আর্থিক সহায়তার আবেদন সম্পন্ন করতে উৎসাহ বৃদ্ধিতে উদ্ভাবনী এবং কার্যকর কৌশল প্রয়োগ করে।

  প্রাপকগণ:
- Melissa Ferguson (মেলিসা ফার্গুসন), হাই স্কুল পোস্ট-সেকেন্ডারি কাউন্সিলর, ব্রেন্টউড হাই স্কুল
- Marissa Kropp (মারিসা ক্রপ), স্কুল কাউন্সিলর, বেলমন্ট প্রিপারেটরি হাই স্কুল

- **ফিন্যান্সিয়াল এইড নেভিগেটর অ্যাওয়ার্ড:** শিক্ষার্থী ও পরিবারবর্গকে আর্থিক সহায়তার আবেদন প্রক্রিয়া সহজ করে দিতে যেসব পেশাদারগণ নিরলসভাবে কাজ করেন, তাদের এই সম্মাননা দেওয়া হয়।

প্রাপকগণ:

- Akil Bello (আকিল বেলো), ডিরেক্টর অব কলেজ অ্যাডভাইজিং অ্যান্ড FAFSA কমপ্লিশন ইনিশিয়েটিভ (FAFSA Completion Initiative), SUNY
- Norma Feriz-Gordon (নরমা ফেরিজ-গর্ডন), কলেজ অ্যান্ড ক্যারিয়ার সাকসেস কোচ, অফিস অব স্টুডেন্ট পাথওয়েজ অ্যাট NYC পাবলিক স্কুলস
- Maria Gordineer (মারিয়া গর্ডিনিয়ার), কলেজ অ্যাডভাইজর, পিকসকিল সিটি স্কুল ডিস্ট্রিক্ট
- Stacy Rankin (স্টেসি র‍্যাঙ্কিন), সুপারভাইজার, সে ইয়েস বাফেলো

- **FAFSA চ্যাম্পিয়ন অ্যাওয়ার্ড:** নিউ ইয়র্ক স্টেট জুড়ে FAFSA সচেতনতা, আবেদন সম্পন্ন করা এবং শিক্ষার্থীদের আর্থিক সহায়তা পাওয়ার সুযোগ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধিতে অবদান রয়েছে এমন নেতা এবং প্রতিষ্ঠানকে এই সম্মাননা দেওয়া হয়।

প্রাপকগণ:

- Dr. Anael Alston (ডক্টর আনায়েল অ্যালস্টন), অ্যাসিস্ট্যান্ট কমিশনার, অফিস অব অ্যাক্সেস, ইকুইটি অ্যান্ড কমিউনিটি এনগেজমেন্ট সার্ভিসেস, NYS এডুকেশন ডিপার্টমেন্ট (NYS Education Department)
- Deb Alverson (ডেব আলভারসন), ভাইস প্রেসিডেন্ট অব মিডল স্কুল কাউন্সিলরস, নিউ ইয়র্ক স্টেট স্কুল কাউন্সিলর অ্যাসোসিয়েশন
- Jessica Arkin (জেসিকা আর্কিন), কলেজ অ্যান্ড পোস্ট-সেকেন্ডারি কাউন্সিলর, দ্য হাই স্কুল ফর এনভায়রনমেন্টাল স্টাডিজ
- Priscilla Armsby (প্রিসিলা আর্মসবি), অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর, রেনসেলার পলিটেকনিক ইনস্টিটিউট
- Kyle Belokopitsky (কাইল বেলোকোপিটস্কি), এক্সিকিউটিভ ডিরেক্টর, প্যারেন্ট টিচার অ্যাসোসিয়েশন
- Katie Cooney Lesko (কেটি কুনি লেসকো), ভাইস প্রেসিডেন্ট ফর এনরোলমেন্ট ম্যানেজমেন্ট, রাসেল সেজ কলেজ
- Carmen Diaz-Malvido (কারমেন দিয়াজ-মালভিডো), CEO, অ্যাসপিরা অব নিউ ইয়র্ক
- Evalyn Gleason (ইভালিন গ্লিসন), সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার, TeachNY
- Shaun Hoff (শন হফ), অ্যাসোসিয়েট ডিরেক্টর, SUNY নিউ প্যাল্টজ
- Sandy Jimenez (স্যান্ডি জিমেনেজ), পোস্ট-সেকেন্ডারি পাথওয়েজ রিসোর্স ম্যানেজার, নিউ ভিশনস
- Lucy R. McIntyre, (লুসি আর. ম্যাকইনটায়ার), ডেপুটি ডিরেক্টর ও কমপ্লায়েন্স অফিসার, CUNY
- Kim Nauer (কিম নাউয়ার), ডিরেক্টর, UnderstandingFAFSA.org
- Luca O. Rallis (লুকা ও. র‍্যালিস), প্রেসিডেন্ট, SUNY স্টুডেন্ট অ্যাসেম্বলি
- Dan Robinson (ড্যান রবিনসন), ডিরেক্টর, পেস ইউনিভার্সিটি
- James Rodriguez (জেমস রদ্রিগেজ), কো-অর্ডিনেটর, ইউনাইটেড ফেডারেশন অব টিচার্স
- Gene Rogers (জিন রজার্স), কাউন্সিলর, মলয় ইউনিভার্সিটি

- Erica Rose (এরিকা রোজ), ভাইস প্রেসিডেন্ট অব স্ট্র্যাটেজি ফর অ্যাডভাইজিং পার্টনারশিপস, UAspire
- Brian Smith (ব্রায়ান স্মিথ), ডিরেক্টর অব স্টুডেন্ট ফিন্যান্সিয়াল সার্ভিসেস, SUNY কোবলসকিল

নিউ ইয়র্ক স্টেট হায়ার এডুকেশন সার্ভিসেস কর্পোরেশনের (Higher Education Services Corporation, HESC) ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট Doris B. González (ডোরিস বি. গঞ্জালেজ) বলেন, "2026 সালের নিউ ইয়র্ক স্টেট কলেজ অ্যাক্সেস অ্যাওয়ার্ড বিজয়ীদের অভিনন্দন। আপনাদের অবিচল নিষ্ঠা এবং অংশীদারিত্ব HESC-এর প্রভাব বিস্তারে এবং শিক্ষার্থীদের সহায়তা প্রদানে সহায়ক ভূমিকা পালন করেছে। এই বছরের কলেজ অ্যাক্সেস কনফারেন্সটি সেইসব কাউন্সিলর, আর্থিক সহায়তা বিষয়ক বিশেষজ্ঞ এবং অংশীদারদের একত্রিত করার জন্য একটি চমৎকার প্ল্যাটফর্ম তৈরি করেছে যারা প্রত্যেক শিক্ষার্থীর সফলতার পথ তৈরি করতে এবং আমাদের অ্যাওয়ার্ড বিষয়ীদের অসামান্য কৃতিত্ব উদযাপনের লক্ষ্য নিয়ে কাজ করছেন। একসাথে মিলে আমরা উচ্চশিক্ষার স্বপ্নকে লক্ষ লক্ষ নিউ ইয়র্কবাসীর জন্য একটি অর্জনযোগ্য বাস্তবে রূপান্তরিত করছি।"

SUNY চ্যান্সেলর John B. King Jr. (জন বি. কিং জুনিয়র) বলেন, "উচ্চশিক্ষার পথকে আরো অ্যাক্সেসযোগ্য করতে এবং প্রত্যেক নিউ ইয়র্কবাসীর জন্য SUNY-তে স্থান নিশ্চিত করতে গভর্নর Hochul (হোকল), স্টেটের নেতৃবৃন্দ এবং কমিউনিটির অংশীদারদের সাথে কাজ করতে পেরে আমরা গর্বিত। গভর্নর Hochul (হোকল) এবং স্টেট লেজিসলেচারের জোরালো সমর্থন এবং কার্যকরী শিক্ষার্থী সহায়তামূলক পরিষেবা ও রিসোর্সের মাধ্যমে, আমরা নিশ্চিত করছি যে প্রত্যেক শিক্ষার্থী একটি মানসম্মত শিক্ষা এবং সুযোগের অ্যাক্সেস পায় যা তাদের স্বপ্ন পূরণে সহায়তা করে। SUNY-এর কলেজ অ্যাক্সেস অ্যাওয়ার্ড বিজয়ীদের আমার অভিনন্দন; যার মধ্যে রয়েছেন Akil Bello (আকিল বেলো), Shaun Hoff (শন হফ), Shavon Munchez-Jackson (শ্যাভন মাঞ্চেজ-জ্যাকসন), Brian Smith (ব্রায়ান স্মিথ) এবং বিশেষ করে SUNY ট্রাস্টি ও SUNY স্টুডেন্ট অ্যাসেম্বলির প্রেসিডেন্ট Luca O. Rallis (লুকা ও. র‍্যালিস)।"

SUNY বোর্ড অব ট্রাস্টিজ বলেন, "উচ্চশিক্ষার পথে বাধাগুলো দূর করতে অবিচল নিষ্ঠার জন্য আমরা কলেজ অ্যাক্সেস অ্যাওয়ার্ড বিজয়ীদের, বিশেষ করে SUNY ট্রাস্টি এবং SUNY স্টুডেন্ট অ্যাসেম্বলির প্রেসিডেন্ট Luca O. Rallis (লুকা ও. র‍্যালিস)-কে স্বীকৃতি দিতে পেরে গর্বিত। তাদের এই অনবদ্য কাজের পাশাপাশি নিউ ইয়র্ক স্টেট কলেজ অ্যাক্সেস কনফারেন্সের মতো উদ্যোগগুলো শিক্ষার্থীদের সহায়তামূলক পরিষেবার অপরিসীম গুরুত্বকে তুলে ধরে। আমরা গভর্নর Hochul (হোকল) এবং স্টেটের নেতাদের ধন্যবাদ জানাই SUNY-এর প্রতি তাদের অবিচল সমর্থনের জন্য এবং প্রত্যেকের জন্য এমন সুযোগ নিশ্চিত করার জন্য যা সামাজিক ও অর্থনৈতিক উন্নতিতে সহায়তা করে এবং তাদের পূর্ণ সম্ভাবনা বিকাশে সাহায্য করে।"

CUNY চ্যান্সেলর Félix V. Matos Rodríguez (ফেলিক্স ভি. মাতোস রদ্রিগেজ) বলেন, "আর্থিক সহায়তার পরিধি বাড়িয়ে আরো বেশি সংখ্যক নিউ ইয়র্কবাসী শিক্ষার্থী ও পরিবারের জন্য কলেজ শিক্ষা নিশ্চিত করতে যারা কাজ করছেন, সেই সকল বিজয়ীদের জানাই

অভিনন্দন। আমরা গর্বিত যে CUNY এই মহৎ কাজের অংশীদার, সেই সাথে উদ্বোধনী কলেজ অ্যাক্সেস কনফারেন্স আয়োজনের জন্য আমরা HESC-এর কাছে কৃতজ্ঞ, পাশাপাশি প্রত্যেক নিউ ইয়র্কবাসীর জন্য সাশ্রয়ী, উচ্চমানের পাবলিক উচ্চশিক্ষা নিশ্চিত করার ক্ষেত্রে গভর্নর Hochul (হোকল)-এর দৃঢ় অঙ্গীকারের জন্য আমরা তাকে সাধুবাদ জানাই।"

স্টেট এডুকেশন কমিশনার Betty A. Rosa (বেটি এ. রোজা) বলেন, "নিউ ইয়র্ক স্টেট কলেজ অ্যাক্সেস কনফারেন্স আমাদের স্টেটজুড়ে শিক্ষার্থী এবং পরিবারগুলোর জন্য সুযোগ প্রসারে অংশীদারিত্বের দৃঢ়তাকে প্রতিফলিত করে। আর্থিক সহায়তা বিষয়ক বিশেষজ্ঞ, কাউন্সিলর, প্রতিনিধি এবং উচ্চশিক্ষা বিষয়ক নেতৃবৃন্দকে একত্রিত করার মাধ্যমে আমরা সেই সহায়ক নেটওয়ার্ককে শক্তিশালী করছি যা শিক্ষার্থীদের কলেজে ভর্তির পথ সুগম করতে সাহায্য করে। এই বছরের কলেজ অ্যাক্সেস অ্যাওয়ার্ড বিজয়ীদের আমি অভিনন্দন জানাই এবং নিউ ইয়র্কের প্রত্যেক শিক্ষার্থীর শিক্ষা অর্জনের লক্ষ্য পূরণে প্রয়োজনীয় রিসোর্স, নির্দেশনা ও আর্থিক সহায়তা নিশ্চিত করার ক্ষেত্রে তাদের অবিচল অঙ্গীকারের জন্য ধন্যবাদ জানাই।"

কমিশন অন ইন্ডিপেন্ডেন্ট কলেজেস অ্যান্ড ইউনিভার্সিটিজ-এর (Commission on Independent Colleges and Universities, CICU) প্রেসিডেন্ট Lola W. Brabham (লোলা ডব্লিউ. ব্রাভাম) বলেন, "2026 সালের নিউ ইয়র্ক স্টেট কলেজ অ্যাক্সেস অ্যাওয়ার্ডস বিজয়ীদের এবং এই গুরুত্বপূর্ণ উদ্বোধনী সম্মেলনটি আয়োজন করার জন্য নিউ ইয়র্ক স্টেট হায়ার এডুকেশন সার্ভিসেস কর্পোরেশনের আমাদের অংশীদারদের জানাই আন্তরিক অভিনন্দন। পুরো নিউ ইয়র্ক জুড়ে কাউন্সিলর, আর্থিক সহায়তা বিষয়ক বিশেষজ্ঞ এবং কলেজ অ্যাক্সেস অ্যাডভোকেটরা প্রতিদিন কাজ করে যাচ্ছেন যাতে শিক্ষার্থী ও পরিবারগুলো HESC পরিচালিত FAFSA, TAP এবং অন্যান্য কর্মসূচির সুযোগগুলো সম্পর্কে বুঝতে পারে। উচ্চশিক্ষার সুযোগ এবং সাশ্রয়ী ব্যবস্থা সম্প্রসারণে তাদের নেতৃত্ব অপরিহার্য, এটি আরো বেশি শিক্ষার্থীকে উচ্চশিক্ষা ও এমন পেশায় যুক্ত হতে সাহায্য করে যা আমাদের কমিউনিটি ও স্টেটকে শক্তিশালী করে। CICU এই প্রচেষ্টায় অংশীদার হতে পেরে এবং সেইসব ব্যক্তি ও সংস্থাকে সম্মানিত করতে পেরে গর্বিত, যাদের কাজ নিউ ইয়র্ক জুড়ে শিক্ষার্থীদের জন্য নতুন সম্ভাবনার দ্বার উন্মোচন করছে।"

অ্যাসোসিয়েশন অব প্রাইভেট কলেজেস-এর প্রেসিডেন্ট Donna S. Gurnett (ডোনা এস. গারনেট) বলেন, "উদ্বোধনী নিউ ইয়র্ক স্টেট কলেজ অ্যাক্সেস কনফারেন্সে আমাদের শিল্প অংশীদারদের সাথে অংশগ্রহণ করতে পেরে অ্যাসোসিয়েশন অব প্রাইভেট কলেজেস অত্যন্ত আনন্দিত। উচ্চশিক্ষার সরকারি ও বেসরকারি খাতগুলো কিভাবে একজোট হতে পারে এটি তার আরো একটি উদাহরণ যা নিশ্চিত করে যে আরো বেশি নিউ ইয়র্কবাসী তাদের পছন্দমতো উচ্চশিক্ষার পথ বেছে নিতে প্রয়োজনীয় সরঞ্জাম ও রিসোর্স হাতে পায়। নিউ ইয়র্ক স্টেটের শিক্ষার্থীদের জন্য কলেজে ভর্তির সুযোগ এবং সাধ্যের মধ্যে শিক্ষা নিশ্চিত করার বিষয়টিকে অগ্রাধিকার দেওয়ার জন্য গভর্নর Hochul (হোকল) এবং HESC নেতৃত্বকে ধন্যবাদ।"

এই উদ্বোধনী সম্মেলনটি স্টেটের জন্য একটি বিশেষ মাইলফলক এবং এটি সবার সম্মিলিত অঙ্গীকার, বর্ধিত অংশীদারিত্ব এবং ঐতিহাসিক বিনিয়োগের মাধ্যমে কলেজ শিক্ষাকে আরো

সহজলভ্য করার জন্য গভর্নরের মিশনের একটি স্তম্ভ হিসেবে কাজ করবে। একটি কার্যকরী উদ্বোধনী ভিডিওতে গভর্নর Hochul (হোকল)-এর নেতৃত্বে শিক্ষার আমূল পরিবর্তনমূলক অগ্রগতি তুলে ধরা হয়েছে যা নিউ ইয়র্ককে FAFSA পূরণের ক্ষেত্রে সারা দেশে পঞ্চম স্থানে উন্নীত করেছে—এটি শিক্ষার্থীদের সহায়তা করা, পরিবারগুলোকে ক্ষমতায়ন করা এবং আর্থিক সহায়তার সুযোগগুলো সম্পর্কে সচেতনতা বৃদ্ধির প্রতি স্টেটের উজ্জ্বল নিদর্শন।কলেজ অ্যাপ্লিকেশন মান্থ, ফিন্যান্সিয়াল এইড অ্যাওয়ারনেস মান্থ, বর্ধিত FAFSA কমপ্লেশন ইভেন্টসমূহ এবং স্টেট ব্যাপী কার্যকরী অংশীদারিত্বের মতো উদ্যোগগুলো এই গতিকে অব্যাহত রেখেছে এবং নিশ্চিত করছে যেন আরো বেশি নিউ ইয়র্কবাসী উচ্চশিক্ষা গ্রহণের জন্য প্রস্তুত থাকে।

এই অগ্রগতি হলো শিক্ষার্থী ও পরিবারের কল্যাণে নিয়োজিত বিভিন্ন সংগঠন ও প্রতিষ্ঠানের যৌথ প্রচেষ্টার এক উজ্জ্বল নিদর্শন। কনফারেন্সটি নিউ ইয়র্ক স্টেট হায়ার এডুকেশন সার্ভিসেস কর্পোরেশন আয়োজিত, এতে অংশীদার হিসেবে ছিল স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক, সিটি ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক, নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট, অ্যাসোসিয়েশন অব প্রাইভেট কলেজেস এবং কমিশন অন ইন্ডিপেন্ডেন্ট কলেজেস অ্যান্ড ইউনিভার্সিটিজ।

ইভেন্টের ছবি এবং কনফারেন্স সেশনের রেকর্ডিংগুলো HESC-এর ওয়েবসাইটে পাওয়া যাচ্ছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন